HM Government

# যুক্তরাজ্যে স্কটল্যান্ড



এপ্রিল 2014

# বিষয়বস্তু


প্রকৃত ঘটনাবলী জানুন 1

ইউকেতে আজকের স্কটল্যান্ড: দুই ভুবনের সেরা 3

আমাদের অর্থনৈতিক শক্তি এবং নিরাপত্তা 6
- যুক্তরাজ্যের পাউন্ড 7
- আমাদের একক বাজার 7
- আর্থিক পরিষেবা 9

আমাদের অংশীদারিত্বমূলক যুক্তরাজ্য 12

বিশ্বে আমাদের অবস্থান 16

উপসংহার 19

# প্রকৃত ঘটনাবলী জানুন

18 সেপ্টেম্বর 2014, তারিখে স্কটল্যান্ডের জনগণ আমাদের জীবনের একটি অন্যতম গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেবে – তা হলো যুক্তরাজ্যে থাকা বা তা থেকে বের হয়ে পৃথক স্বাধীন রাষ্ট্রে পরিণত হওয়া।

স্কটল্যান্ডের একজন সেক্রেটারি অব স্টেট হিসেবে, সাম্প্রতিক মাসগুলোতে আমি সারা দেশের ব্যক্তি, কমিউনিটি এবং বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে গণভোটের বিষয়ে আলোচনা করেছি। সমগ্র স্কটল্যান্ডেই, যুক্তরাজ্যের সাথে স্কটল্যান্ডের থাকার সুবিধাদি এবং না থাকার প্রভাব সম্বন্ধে স্পষ্ট, সাধারণ তথ্যের জন্য জনগণ আমাকে জিজ্ঞেস করেছেন, যা ব্যক্তি ও প্রতিষ্ঠান, যাদের জন্য তারা কাজ করেন এবং যে সকল লোক তাদের পরিষেবা ব্যবহার করেন তাদের সিদ্ধান্ত গ্রহণে সহায়ক হবে।

স্কটল্যান্ড যুক্তরাজ্যের অংশ হিসেবে থাকার সুবিধাদি ব্যাখ্যা করার জন্য এবং স্বাধীনতার প্রভাব পরীক্ষা করার জন্য যুক্তরাজ্য সরকার একটি বড় আকারের বিশ্লেষণধর্মী প্রকল্প হাতে নিয়েছেন। ইতোমধ্যে গৃহীত প্রধান উপসংহারসমুহ এই ক্ষুদ্র পুস্তিকাটিতে সন্নিবেশিত করা হয়েছে। বিস্তারিত বিশ্লেষণ – এবং আরও অনেক তথ্যাবলী – নিচের লিংকে পাওয়া যেতে পারে **www.gov.uk/scottishreferendum**.

যুক্তরাজ্য সরকার চায় যে, স্কটল্যান্ডের সকলেই গণভোটের আগে এই গণভোট সম্বন্ধে ভালোভাবে ওয়াকিবহাল হোক। তাই, এই তথ্যাবলীকে সকলের নিকট পৌঁছে দেওয়ার বিষয়টি নিশ্চিত করতে আমি সকল প্রতিষ্ঠানকে উৎসাহিত করবো যেন যুক্তরাজ্যের সাথে স্কটল্যান্ডের থাকার ইতিবাচক দিকগুলো তারা বুঝতে পারেন।



**অ্যালিস্টার কারমাইকেল এমপি**
**(Alistair Carmichael MP)**
**স্কটল্যান্ডের সেক্রেটারি অব স্টেট**

আপনি @YouDecide2014, www.gov.uk/scottishreferendum এবং facebook.com/youdecide2014 এর মাধ্যমে অনলাইন বিতর্কে যোগ দিতে পারেন।

# ইউকেতে আজকের স্কটল্যান্ড: দুই ভুবনের সেরা

যুক্তরাজ্যের অংশ থাকলে তা স্কটল্যান্ডকে দুই ভুবনের সেরা সুবিধাগুলো দেবে।


হলিরুড-এ আমাদের একটি শক্তিশালী স্কটিশ সংসদ রয়েছে, যা £27 বিলিয়নের অধিক ব্যয় নিয়ন্ত্রণ করে – তা স্কটল্যান্ডের সকল সরকারি ব্যয়ের প্রায় 60%। শিশুযত্ন; শিক্ষা; প্রশিক্ষণ ও দক্ষতা; এন্টারপ্রাইজ; স্বাস্থ্য ও সামাজিক সেবা; ন্যায়বিচার এবং নিয়ন্ত্রণ; পরিবেশ; কৃষি, মৎস্য ও গ্রামীণ বিষয়াদি; এবং শিল্প, সংস্কৃতি ও খেলাধুলা বিষয়ে স্কটিশ চাহিদা ও আকাঙ্ক্ষা পূরণে আইনকানুন তৈরি ও সেগুলো পরিবর্তন করতে স্কটিশ সংসদের ক্ষমতা রয়েছে।

সাথে সাথে যুক্তরাজ্যের অংশ হওয়ায় আমরা সুবিধা ভোগ করি; যুক্তরাজ্যের সংসদ যুক্তরাজ্যের সকলের পক্ষে অর্থনীতি, প্রতিরক্ষা, জাতীয় নিরাপত্তা এবং আন্তর্জাতিক বিষয়াবলী নিয়ে সিদ্ধান্ত গ্রহণ করে। একটি তুলনামূলক বড়, অধিক বৈচিত্র্যময় এবং স্থিতিশীল অর্থনীতির অংশ হয়ে আমরা সুবিধা গ্রহণ করি, যা আমাদেরকে ভালো সময়ে সুবিধা নিতে ও খারাপ সময়ে ঝুঁকি ভাগাভাগি করার সুযোগ প্রদান করে।

আর আমাদের বিকেন্দ্রীকরণ পদ্ধতি নমনীয়। দ্য স্কটল্যান্ড অ্যাক্ট 2012 স্কটিশ সংসদকে করের ক্ষমতাকে সবচেয়ে বড় বিকেন্দ্রীকরণের জন্য 300 বছরের ইতিহাসে প্রথমবার ক্ষমতা অর্পণ করেছে।

এপ্রিল 2016 থেকে, আরও বিকেন্দ্রীকরণের মাধ্যমে স্কটিশ সংসদকে অতিরিক্ত করের ক্ষমতা প্রদান করবে, তাই এটি স্কটল্যান্ডে ব্যয়িত অর্থের এক-তৃতীয়াংশ নিজেরাই উত্তোলন করার জন্য দায়ী হবে। এই ক্ষমতার মধ্যে রয়েছে একটি নতুন স্কটিশ আয়করের হার, যা স্কটল্যান্ডে থাকা জনগণের জন্য স্কটিশ সরকারকে করের হার নির্ধারণের সুযোগ প্রদান করবে। যুক্তরাজ্য সরকার আরও কিছু ক্ষমতার বিষয় ঘোষণা করেছে যার মাধ্যমে স্কটিশ সরকার তার নিজের জন্য বন্ড ইস্যু করতে পারবে এবং প্রধান পরিবহন প্রকল্প, হাসপাতাল, স্কুল এবং বন্যা প্রতিরোধের জন্য মূলধন বিনিয়োগ করতে ধার করতে পারবে।

## প্রধান ক্ষমতাসমূহ যা সংরক্ষিত এবং উত্তরাধিকারসূত্রে হস্তান্তরিত



যুক্তরাজ্য হলো সংযুক্ত চারটি রাষ্ট্র এবং সীমান্তরেখা মুক্ত। আমরা একত্রে এনএইচএস এবং বিবিসি গঠন করেছি, স্বাধীনতার জন্য বিশ্ব যুদ্ধগুলোতে যুদ্ধ করেছি, অলিম্পিকে সফলতা উদযাপন করেছি এবং বিশ্বের মধ্যে সর্বোত্তম ও সবচেয়ে টেকসই জাতিপুঞ্জ গঠন করেছি। স্বাধীনতার অর্থ হবে স্কটল্যান্ড একটি নতুন রাষ্ট্র গঠনের জন্য যুক্তরাজ্য ছেড়ে যাবে। যুক্তরাজ্যের অবশিষ্ট অংশ অপরিবর্তিত থেকে এগিয়ে যাবে। যুক্তরাজ্যের আইন ও প্রতিষ্ঠানসমূহ – যেমন ব্যাংক অব ইংল্যান্ড – অপরিবর্তিত যুক্তরাজ্যে কার্যক্রম এগিয়ে নিয়ে যাবে এবং তারা বিভিন্ন প্রতিষ্ঠানের সদস্যপদ যেমন – ইইউ (EU), ইউএন (UN), ন্যাটো (NATO) এবং জি7 (G7)-এ তাদের সদস্যপদ ধরে রাখবে।

একটি স্বাধীন স্কটল্যান্ড যে সকল প্রতিষ্ঠানের সদস্যপদ পেতে ইচ্ছুক সেগুলোর জন্য তাকে আবেদন করতে হবে এবং তার নিজের ঘরোয়া প্রতিষ্ঠানসমূহ স্থাপন করতে হবে। বর্তমানে স্কটল্যান্ডে কাজ করছে এমন 200-এর অধিক গণ সংস্থা রয়েছে – স্বাধীন স্কটল্যান্ডের সরকারকে সিদ্ধান্ত নিতে হবে যে, সেগুলোর কয়টির অনুরূপ প্রতিষ্ঠান স্থাপন করতে হবে। এই ধরনের প্রতিষ্ঠান তৈরি ও পরিচালনা করার ব্যয় নির্বাহ করতে হবে স্কটিশ কর প্রদানকারীদেরকে।

# আমাদের অর্থনৈতিক শক্তি এবং নিরাপত্তা

যুক্তরাজ্যের অংশ হিসেবে, স্কটল্যান্ডের অর্থনীতি শক্তিশালীভাবে কাজ করেছে। গত 50 বছর ধরে, ব্যক্তি প্রতি অর্থনৈতিক ফলাফলের প্রবৃদ্ধি যুক্তরাজ্যের গড়ের তুলনায় স্কটল্যান্ডে কিছুটা শক্তিশালী হয়ে রয়েছে। এর মাধ্যমে দেখা যায় যে, যুক্তরাজ্যের অংশ হওয়ায় ফলে স্কটল্যান্ড অন্যান্য ক্ষুদ্র স্বাধীন দেশসমূহকে হারিয়ে ভালোভাবে এগিয়ে গেছে। 2000 থেকে 2012 পর্যন্ত স্কটল্যান্ডের মাথাপিছু প্রবৃদ্ধি ডেনমার্ক, ফিনল্যান্ড, আয়ারল্যান্ড, লুক্সেমবার্গ এবং পর্তুগাল থেকে বেশি ছিল।

যুক্তরাজ্যের মধ্যে আমরা সমগ্র স্কটল্যান্ড, ইংল্যান্ড, ওয়েলস এবং নর্দার্ন আয়ারল্যান্ডে সম্পদ একত্রে জড়ো করি এবং ঝুঁকি ভাগাভাগি করি। যুক্তরাজ্যের অর্থনীতির আকার ও বৈচিত্র্য আমাদেরকে 2008 সালের ব্যাংকিং খাতের ধ্বসের মতো সমস্যা থেকে আমাদের অর্থনীতিকে সুরক্ষিত রাখতে সহায়তা করেছে। 2008 সালে যুক্তরাজ্য সরকার রয়্যাল ব্যাংক অব স্কটল্যান্ড (Royal Bank of Scotland) (RBS)-কে পুনঃঅর্থায়ন করার জন্য £45 বিলিয়ন ব্যয় করেছে, ব্যাংকটি সরকারী নিশ্চয়তা ও ঋণ বাবদ আরও £275 বিলিয়ন গ্রহণ করেছে। সর্বসাকুল্যে এই সহায়তাটি নর্থ সি -এর তৈলসহ ঐ বছর সমগ্র স্কটিশ অর্থনীতির দ্বিগুণ আকারের হবে।

### মাথা পিছু GVA (মূল্য বৃদ্ধি সংযোজন) বৃদ্ধি হার

| | |
|---|---|
| সুইডেন | 1.6% |
| স্কটল্যান্ড | 1.2% |
| অস্ট্রিয়া | 1.2% |
| ফিনল্যান্ড | 1.1% |
| আয়ারল্যান্ড | 0.8% |
| লুক্সেমবার্গ | 0.8% |
| পর্তুগাল | 0.2% |
| ডেনমার্ক | 0.1% |

## যুক্তরাজ্যের পাউন্ড

যুক্তরাজ্য হলো ইতিহাসের অন্যতম সফল মুদ্রা, রাজস্ব এবং রাজনৈতিক ইউনিয়ন, এবং বর্তমান ব্যবস্থা স্কটল্যান্ডের জন্য গুরুত্বপূর্ণ সুবিধাবলী নিয়ে আসছে। যুক্তরাজ্যের সকল অংশের সুবিধার্থে কর, ব্যয়, মুদ্রানীতি এবং আর্থিক স্থায়িত্বের নীতি সমগ্র যুক্তরাজ্যে সমন্বয় করা হয়। ঝুঁকিসমূহকে একত্র করা হয় এবং অনিশ্চয়তার বিপরীতে যুক্তরাজ্যের একটি সাধারণ বীমা রয়েছে।


যদি স্কটল্যান্ডের জনগণ যুক্তরাজ্য ছেড়ে দেওয়ার জন্য ভোট প্রদান করেন, তবে আমরা যুক্তরাজ্যের পাউন্ডকে ছেড়ে দেওয়ার জন্যও ভোট দেবো। এই অংশটি নির্বাচন করার জন্যই আমাদেরকে বলা হয়েছে।

স্কটিশ সরকার অবিভক্ত যুক্তরাজ্যের সাথে একটি সম্মিলিত মুদ্রার জন্য প্রস্তাব করেছে। যুক্তরাজ্যের প্রধান তিনটি রাজনৈতিক দলই সম্মিলিত মুদ্রার বিষয়টি বাতিল করে দিয়েছে, কারণ এটি অবিভক্ত যুক্তরাজ্য বা স্বাধীন স্কটল্যান্ডের স্বার্থ রক্ষা করবে না। একটি স্বাধীন স্কটল্যান্ডের অন্য, সম্মিলিত মুদ্রা অর্থনৈতিক চ্যালেঞ্জগুলো সমন্বয় করার জন্য অনেক বেশি কঠিন করে তুলবে, কারণ তা আমরা ইউরোপিয়ান দেশগুলোর সমন্বিত মুদ্রার ক্ষেত্রে দেখেছি। অবিভক্ত যুক্তরাজ্যের জন্য, রাজস্ব বা আর্থিক সমস্যার সময় যুক্তরাজ্যের করদাতাগণকে স্কটল্যান্ডকে উত্তরণের জন্য বলা হতে পারে – এমন সম্ভাবনাসহ এটি অনেক বেশি ঝুঁকির হতে পারে।

## আমাদের একক বাজার

একক মুদ্রা ও একক আইনকানুনসহ যুক্তরাজ্যের বৃহৎ অভ্যন্তরীণ বাজার ব্যবসাপ্রতিষ্ঠানগুলোকে বিনা বাধায় সমগ্র যুক্তরাজ্যে বাণিজ্য করার সুযোগ প্রদান করে, যা ব্যবসাপ্রতিষ্ঠান, কর্মী ও ভোক্তাদেরকে সুবিধা প্রদান করে। 2011 সালে, স্কটল্যান্ড যুক্তরাজ্যের অন্যান্য অংশে £45.5 বিলিয়নের বেশি মালামাল ও পরিষেবা বিক্রি করেছে। এটি বিশ্বের বাকি অংশে আমাদের রপ্তানিকৃত পরিমাণের দ্বিগুণ এবং সমগ্র ইউরোপিয়ান ইউনিয়নের সমন্বিত পরিমাণের চারগুণ।

এই বাণিজ্যকে সহায়তা করেছে একটি অভিন্ন ব্যবসায়িক কাঠামো যা হলো অনলাইন বা প্রধান সড়ক (high street)-এর বাজারে পণ্য পেতে কর্মী নিয়োগ থেকে শুরু করে অর্থ ধার করা পর্যন্ত ব্যবসার সকল ধাপের ভিত্তি।




**স্বাধীনতা অর্জিত হলে, স্কটিশ সরকারকে বেছে নিতে হবে:**

- **অনানুষ্ঠানিকভাবে পাউন্ডকে গ্রহণ করা,** যে ভাবে পানামা এবং ইকুয়েডর মার্কিন ডলার ব্যবহার করে থাকে, (তথাকথিত "স্টেরলিঙ্গাইজেশন"), যার অর্থ হচ্ছে স্কটল্যান্ডের সুদের হার এবং তার ব্যাংকগুলোর শেষ অবলম্বন হিসেবে কে ঋণদাতা হবে তার উপর কোন নিয়ন্ত্রণ থাকবে না;
- **ইউরোতে যোগদান করা,** যা একটি স্বাধীন স্কটল্যান্ডের ইইউতে যোগদান করার অংশ হিসেবে করতে বাধ্য হতে পারে, এবং এর অর্থ হচ্ছে ইউরো ইউকে পাউন্ডের সরবরাহকে প্রতিস্থাপন করবে এবং স্কটিশ সুদের হার ইউরোপীয় কেন্দ্রীয় ব্যাংক দ্বারা নির্ধারিত হবে;
- **একটি নতুন স্কটিশ মুদ্রা তৈরি করা,** যা স্কটিশ সরকারকে সকল অর্থনৈতিক নীতির উপর পূর্ণ নিয়ন্ত্রণ দিবে, কিন্তু এর অর্থ হচ্ছে সঞ্চয় এবং পেনশনের মূল্যের ব্যাপারে অনিশ্চয়তা, এবং ব্যবসা করতে খরচ অনেক বেড়ে যাওয়া।

যুক্তরাজ্যের মধ্যে থেকে, এই ধরনের কোনো ঝুঁকি ছাড়া, আমরা শক্তিশালী ইউকে পাউন্ড থেকে উপকৃত হই।



মুদ্রা নির্বাচন নির্বিশেষে, স্বাধীনতা এই সবকিছুরই পরিসমাপ্তি ঘটাবে।


এই অর্থ হতে পারে, যে সকল ব্যবসা সমগ্র যুক্তরাজ্যে পরিচালিত হয়, তাদেরকে দুই ধরনের আইনকানুন ও বিধিনিষেধ এবং দুই ধরনের করারোপ পদ্ধতি মোকাবেলা করতে হবে, যা খরচ বৃদ্ধি করবে এবং অনিশ্চয়তা তৈরি করবে, এবং সমগ্র যুক্তরাজ্যে ব্যবসা পরিচালনা করা কঠিনতর করে তুলবে।

যুক্তরাজ্যের সরকারের বিশ্লেষণের মাধ্যমে প্রতি বছর স্কটল্যান্ডের প্রতিটি পরিবারের সম্ভাব্য খরচ স্কটল্যান্ড এবং বাকি যুক্তরাজ্যের অর্থনীতির মধ্যে একটি সীমারেখা আরোপ করে এবং £2000 খরচের বিনিময়ে বিভিন্ন ধরনের নিয়ন্ত্রণকারী এবং অন্যান্য পদ্ধতির অবতারণা করে।

## আর্থিক পরিষেবাসমূহ

যুক্তরাজ্যের অর্থনীতির আকারের মানে হলো, এটি তেজী ও নিরাপদ অর্থনৈতিক সেক্টরে টিকে থাকতে পারবে এবং সহায়তা করতে পারবে। একটি স্বাধীন স্কটল্যান্ডের ব্যাংকিং সেক্টর হতে পারে তার অর্থনীতির আকারের চেয়ে 12 গুণ বড় – যা সমস্যায় পড়ার পর আয়ারল্যান্ড, আইসল্যান্ড এবং সাইপ্রাস থেকেও অনেক বড়।

## জিডিপির অনুপাত হিসাবে ব্যাংকিং খাতের সম্পদ




আমরা আর্থিক পরিষেবা এবং আর্থিক খাতে যুক্তরাজ্যের অবস্থান থেকে লাভবান হই, যা স্কটিশ অর্থনীতির জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ – 2013 সালে তা স্কটিশ অর্থনীতিতে £8.8 বিলিয়ন অর্থ যোগান দিয়েছে এবং 8% স্কটিশের কর্মসংস্থান করেছে (প্রায় 200,000)।

স্কটিশ আর্থিক খাত, এবং এই সকল কর্মসংস্থান ইংল্যান্ড, ওয়েলস ও উত্তর আয়ারল্যান্ড – এবং স্কটল্যান্ডে বাস করা গ্রাহকদের উপর নির্ভরশীল। যুক্তরাজ্যে আমাদের একক বাজারের অর্থ হলো, স্কটল্যান্ডের আর্থিক পরিষেবার সাথে নিয়োজিত ফার্মসমূহ কোনো ধরনের প্রতিবন্ধকতা ছাড়াই সমগ্র যুক্তরাজ্যে তাঁদের পণ্য বিক্রি করতে পারে। স্কটিশ ফার্মসমূহ কর্তৃক বিক্রিত প্রায় 90% ISA এবং 80% মর্গেজ যুক্তরাজ্যের অন্যান্য অংশের গ্রাহকদের নিকট বিক্রি করা হয়।

স্বাধীনতা এই ঘরোয়া বাজারকে ভেঙ্গে দিতে পারে। স্বাধীন স্কটল্যান্ডকে তার নিজের আর্থিক পরিষেবার জন্য আইনি ও নিয়ন্ত্রণকারী অবকাঠামো, তার নিজস্ব কর পদ্ধতি স্থাপন করতে হবে। এর অর্থ হতে পারে যে, যে সকল ফার্ম স্বাধীন স্কটল্যান্ড এবং অবিভক্ত যুক্তরাজ্যে পেনশন, বীমা এবং মর্গেজ বিক্রির সাথে জড়িত, তাদেরকে উভয় বাজারে ব্যবসা পরিচালনা করতে অতিরিক্ত খরচ বহন করতে হবে – যে খরচ অবশেষে ব্যক্তি পর্যায়ে বহন করতে হবে (হয় কর প্রদানকারী হিসেবে না হয় গ্রাহক হিসেবে)।

সমগ্র যুক্তরাজ্য জুড়েই ভোক্তা সুরক্ষা ও উপদেশ প্রদানের অনেক সংস্থা রয়েছে, যেমন দ্য ফিনান্সিয়াল কন্ডাক্ট অথোরিটি (the Financial Conduct Authority), দ্য ফিনান্সিয়াল অমবাডসম্যান সার্ভিস (the Financial Ombudsman Service), এবং দ্য মানি অ্যাডভাইস সার্ভিস (the Money Advice Service), যা মতো প্রতিষ্ঠান স্বাধীন স্কটল্যান্ডে তৈরি করা অনেক ব্যয়বহুল হবে। আর্থিক পরিষেবা শিল্পের প্রাক্কলন অনুযায়ী এর খরচ হতে পারে মিলিয়ন মিলিয়ন পাউন্ড।

যদি ব্যাংকসমূহ কোনো ধরনের সমস্যার মুখোমুখি হয়, তবে তাদের সুরক্ষার জন্য যুক্তরাজ্যের পর্যাপ্ত তহবিল সমৃদ্ধ ব্যবস্থা রয়েছে, যা যুক্তরাজ্যের ব্যাংকসমূহের £85,000 পর্যন্ত আমানতের সুরক্ষা দেবে। যদি স্কটল্যান্ড স্বাধীন হয়ে যায়, তবে স্কটল্যান্ডের ব্যাংক এবং তাদের গ্রাহকগণ আর এই সুরক্ষার অন্তর্ভুক্ত থাকবে না। স্বাধীন স্কটল্যান্ডকে ইইউ'র আইনের অধীনে নিজেদের আমানত নিরাপত্তা স্কিম তৈরি করতে হবে। যদি স্কটল্যান্ডের দুটি বড় ব্যাংকের মধ্যে একটি ব্যর্থ হয়, তবে এই আমানতের ক্ষতিপূরণের জন্য ব্যয়িত অর্থের চাপ সম্পূর্ণভাবে অন্য ব্যাংকটির উপর পড়বে। যদি এই স্কিমটি ব্যর্থ হয়, তবে স্বাধীন স্কটিশ সরকারকে তাতে হস্তক্ষেপ করার প্রয়োজন হতে পারে। বর্তমানে, স্কটিশ স্কিমের আওতায় যে আমানতকে অন্তর্ভুক্ত করা হতে পারে, তার মূল্য স্কটিশ অর্থনীতির 100% এর অধিক হতে পারে।

এই অতিরিক্ত খরচের ঝুঁকির পরিবর্তে, ফার্মগুলো শুধুমাত্র একটি বাজারে দৃষ্টি নিবদ্ধ করতে পারে৷ স্কটিশ স্বাধীনতার প্রাক্কালে এই উচ্চ খরচের ঝুঁকির ব্যাপারে RBS এবং ব্যাংক অব স্কটল্যান্ড-এর মতো কোম্পানিসমূহ কথা বলেছে৷ যদি স্বাধীনতার পক্ষে ভোট পড়ে, তবে স্ট্যান্ডার্ড লাইফ অ্যান্ড অ্যালায়েন্স ট্রাস্ট (Standard Life and Alliance Trust)-এর মতো অন্যান্যরাও তাদের ব্যবসার অংশবিশেষকে কিভাবে ইংল্যান্ডে নিয়ে যাবে তা নিয়ে ভাবছে৷


স্বাধীনতা স্কটল্যান্ডের জনগণের জন্য মর্গেজ, বীমা ও পেনশনসহ আর্থিক পণ্যের বিকল্প কমিয়ে দিতে পারে এবং খরচ বৃদ্ধি করে দিতে পারে৷ নিরপেক্ষ বিশ্লেষণের উপর ভিত্তি করে যুক্তরাজ্য সরকার প্রাক্কলন করেছেন যে, স্কটল্যান্ডে বার্ষিক গড় মর্গেজ-এর জন্য পরিশোধিত অর্থের পরিমাণ £1,700 বাড়তে পারে৷

# আমাদের অংশীদারিত্বমূলক যুক্ত রাজ্য

বর্তমানে এবং ভবিষ্যতে সমগ্র যুক্তরাজ্যে আমাদের সম্পদ ভাগাভাগি করার ফলে স্কটল্যান্ডের গণ ব্যয়কে সহায়তা প্রদান করে – 1998 সাল থেকে স্কটল্যান্ডের ব্যয় যুক্তরাজ্যের গড় ব্যয় থেকে 10% বেশি৷ 13-2012 সালে তা ব্যক্তি প্রতি £1,300-এর সমপরিমাণ ছিল৷

আমরা যুক্তরাজ্যের যেখানেই বাস করি না কেন, স্থানীয় অর্থনীতির সর্বোচ্চ ভালো বা খারাপ অবস্থা, বা স্থানীয় জনগণের মধ্যকার পার্থক্য বিবেচনা না করেই, সকল জনগণ একই ধরনের সুবিধাদি ভোগ করে৷ যুক্তরাজ্যের অর্থনীতির আকার ও শক্তিমত্তা আমাদেরকে প্রয়োজনের সময় জনগণকে সহায়তা প্রদানে এবং আমাদের বৃদ্ধ অবস্থায় আর্থিক নিরাপত্তা প্রদানে সাহায্য করে৷

স্বাধীনতার প্রাক্কালে, স্কটল্যান্ড নর্থ সি থেকে তৈল ও গ্যাসের রাজস্ব পেতে পারে, যার জন্য আলোচনা করার দরকার হতে পারে৷ তবে, তৈল থেকে আয় হলো রাজস্বের সবচেয়ে পরিবর্তনশীল উৎসগুলোর মধ্যে অন্যতম৷ বিকেন্দ্রীকরণের পর থেকে, তৈল এবং গ্যাস থেকে আয় থেকে স্কটল্যান্ডের ভৌগোলিক ভাগ £2 বিলিয়ন থেকে £12 বিলিয়নের মধ্যে উঠানামা করেছে৷ স্কটল্যান্ড সরকারের তথ্য থেকে দেখা যায় যে, 2012-13 সময়ে নর্থ সি থেকে অর্জিত রাজস্বের ভৌগোলিক ভাগ £4 বিলিয়ন কমে গেছে – যা এক বছরে শিক্ষা ক্ষেত্রে স্কটল্যান্ডের বাজেট ঘাটতির অর্ধেকেরও বেশি৷ তবে, যুক্তরাজ্যের অংশ হিসেবে, যুক্তরাজ্যের অর্থনীতির শক্তিমত্তা ও বৈচিত্র্যের সুবিধার ফলে 2012-13 সময়ে স্কটিশ সরকারের বাজেট মূলত বৃদ্ধি পেয়েছে৷




যুক্তরাজ্যের মধ্যে, তৈল ও গ্যাস খাত এবং নবায়নযোগ্য জ্বালানী খাত লক্ষ লক্ষ গ্রাহকের একক জ্বালানীর বাজারের সুবিধা পায়। স্কটল্যান্ডের জ্বালানী খাত ইংল্যান্ড ও ওয়েলসের 24 মিলিয়ন উন্মুক্ত গ্রাহকের প্রবেশাধিকারের উপর নির্ভর করে – যা স্কটল্যান্ডে অবস্থিত গ্রাহক সংখ্যার 10 গুণ। যুক্তরাজ্যের অংশ হিসেবে, নবায়নযোগ্য জ্বালানীর সম্ভাবনা সর্বোচ্চ করতে আমরা স্কটল্যান্ডের অগ্রসরমান নবায়নযোগ্য জ্বালানী খাতের সাথে একত্রে কাজ করি, যা সমগ্র যুক্তরাজ্যের গ্রাহকদের মধ্যে খরচ ভাগাভাগি করার মাধ্যমে লাভবান হয়।

নবায়নযোগ্য জ্বালানী শিল্পের মতো উদ্ভাবনী শিল্পগুলো সারা বিশ্বের নেতৃস্থানীয় এবং সমৃদ্ধ যুক্তরাজ্য গবেষক দলের নিকট থেকে লাভবান হবে। সমগ্র যুক্তরাজ্যের গবেষকগণ অবকাঠামো ব্যবহার যেমন এডভান্সড কম্পিউটিং এবং আন্তর্জাতিক সংস্থায়, যেমন ইউরোপিয়ান সেন্টার ফর নিউক্লিয়ার রিসার্চ (European Center for Nuclear Research) (CERN)-এ যুক্তরাজ্যের সদস্যপদ থেকে লাভবান হয়। এই খরচ ভাগাভাগি হওয়ার ফলে তা তাদের সামর্থ্যের মধ্যে থাকে। একই সময়ে, স্কটল্যান্ডের গবেষকগণ সমগ্র যুক্তরাজ্যে গবেষণার জন্য প্রদত্ত অর্থ থেকে সরাসরি উপকৃত হয়। 2012-13 সালে



স্কটল্যান্ড যুক্তরাজ্যের রিসার্চ কাউন্সিল-এর অর্থ থেকে 13%-এর অধিক অর্থ গ্রহণ করেছে (£257 মিলিয়ন) – যা স্কটল্যান্ডের জিডিপি (GDP)-র অংশ (8%) বা জনগণের অংশ (8.4%) থেকে ভালো। পাবলিক ফান্ডিং-এর অতিরিক্ত হিসেবে, যুক্তরাজ্যের দাতব্য সংস্থাগুলো স্কটল্যান্ডে গবেষণার জন্য অনেক বেশি পরিমাণ তহবিল যোগান দেয়; 2011 সালে অ্যাসোসিয়েশন অফ মেডিক্যাল রিসার্চ চ্যারিটিস (Association of Medical Research Charities)-এর সদস্যগণ কর্তৃক সংগৃহীত অর্থের প্রায় 14% স্কটল্যান্ডে গবেষণার জন্য ব্যয় হয়েছে।

যুক্তরাজ্য রিসার্চ কাউন্সিলস (The UK Research Councils) সমগ্র যুক্তরাজ্যের 200 এর অধিক সরকারি সংস্থার সমন্বয়ে গঠিত যা আজ স্কটল্যান্ডের জনগণকে সেবা প্রদান করে। এগুলো জোরালো হয়েছে অভিন্ন মানের কারণে এবং করদাতাদের খরচ কমাতে, বহির্বিশ্বে যুক্তরাজ্যের ভাবমূর্তি উজ্জ্বল করতে এবং যেখানে প্রয়োজন হয় সেখানে সম্পদ ও ঝুঁকিসমূহ একত্র করতে মিতব্যয়ী হওয়ার মাধ্যমে সুবিধা গ্রহণ করতে যুক্তরাজ্যের সকলকে সুযোগ প্রদান করে। তবে, যদি স্কটল্যান্ড যুক্তরাজ্য পরিত্যাগ করে, তবে তা যুক্তরাজ্যের সকল প্রতিষ্ঠানকেও পরিত্যাগ করবে।

স্কটিশ সরকার বলেছেন যে, স্বাধীনতার প্রাক্কালে তারা এই সকল প্রতিষ্ঠানের অনেকগুলো ভাগাভাগি করার সুযোগ খুঁজবে। কিন্তু এই প্রতিষ্ঠানগুলো অন্য আলাদা রাষ্ট্রের সাথে তাদেরকে ভাগাভাগি করে না, এবং ভবিষ্যতে দু'টি আলাদা রাষ্ট্রকে সেবাদান করায় সমর্থ করতে যুক্তরাজ্যের প্রতিষ্ঠানগুলোর ব্যবস্থাপনা পরিবর্তন করার বিষয়টি অবিভক্ত যুক্তরাজ্যের স্বার্থসংশ্লিষ্ট কেন হবে, সে বিষয়টি স্পষ্ট নয়।

নতুন স্কটিশ রাষ্ট্রকে অপরিহার্যভাবে বিভিন্ন ধরনের নতুন সরকারি সংস্থা তৈরি করার প্রয়োজন হবে। সম্পূর্ণ নতুন ধরনের প্রতিষ্ঠান তৈরি করা একটি বিশাল কাজ, যার জন্য প্রথমেই বিপুল বিনিয়োগের প্রয়োজন হবে।

যুক্তরাজ্যের অংশ হিসেবে আমরা যেই প্রতিষ্ঠানগুলো থেকে সুবিধা গ্রহণ করি, তা আমাদের দৈনন্দিন জীবনের সাথে ওতপ্রোতভাবে জড়িত। উদাহরণ স্বরূপ, ন্যাশনাল লটারি-তে সমগ্র যুক্তরাজ্যের লক্ষ লক্ষ লোক অংশগ্রহণ করেন, এবং এর মাধ্যমে সংগৃহীত অর্থ সমগ্র যুক্তরাজ্যের খেলাধুলা ও সংস্কৃতিতে ব্যয় হয়, 1994 সাল থেকে স্কটল্যান্ডের 50,000-এর অধিক ব্যক্তি গ্রহণযোগ্য কারণে £2.5 বিলিয়ন অর্থ গ্রহণ করে আসছে। যুক্তরাজ্যের ন্যাশনাল লটারি-তে অংশগ্রহণ চালিয়ে যেতে নতুন স্কটিশ সরকারের কোনো স্বয়ংক্রিয় অধিকার থাকবে না।

আমাদের গৌরবোজ্জ্বল অংশীদারীত্বমূলক প্রতিষ্ঠানগুলোর একটি হলো বিবিসি। এটি সারা বিশ্বে প্রশংসিত এবং তা দেশের লক্ষ লক্ষ দর্শক ও শ্রোতাবৃন্দকে তথ্য জানায়, শিক্ষাদান করে এবং বিনোদন দেয়। স্বাধীনতার প্রাক্কালে, বিবিসি সহ গণ-পরিষেবা সম্প্রচারকারীগণ অবিভক্ত যুক্তরাজ্যের লোকজনকে সেবাদান অব্যাহত রাখবে।

একটি আলাদা নতুন রাষ্ট্র হিসেবে, স্কটল্যান্ড স্বয়ংক্রিয়ভাবে বিবিসি-এর অংশীদারীত্ব পাওয়ার জন্য বিবেচিত নাও হতে পারে। বিবিসি'র বিদ্যমান সম্পদ ব্যবহারের জন্য যেকোনো নিলাম, বা বিবিসি'র অনুষ্ঠান প্রদর্শনের জন্য, হয়তো আলোচনা করতে হতে পারে।



# বিশ্বে আমাদের অবস্থান

যুক্তরাজ্য হিসেবে একত্রে আমরা আমাদের চারপাশের বিশ্বকে প্রভাবিত করি। যুক্তরাজ্য ইইউ (EU), ন্যাটো (NATO), জি7 (G7), কমনওয়েলথ (Commonwealth) এবং জাতিসংঘ নিরাপত্তা পরিষদ (UN Security Counsil)-এর শীর্ষস্থানে রয়েছে – এটি হলো পৃথিবীর মধ্যে একমাত্র দেশ যা এই সবগুলো প্রতিষ্ঠানের সদস্য। স্কটল্যান্ডকে প্রভাবিত করে আমরা এরূপ আন্তর্জাতিক সিদ্ধান্ত গ্রহণ করি এবং সারা বিশ্বে গণতন্ত্র ও মানবাধিকার প্রতিষ্ঠার জন্য আমরা আমাদের প্রভাব কাজে লাগাই।

সারা বিশ্বে যুক্তরাজ্যের কূটনৈতিক নেটওয়ার্ক বিশ্বের সামনে স্কটল্যান্ডকে উপস্থাপন করে, যেখানে বিশ্বের 154 টি দেশের ও 12 টি বৈদেশিক অঞ্চল (Overseas Territories)-এর 267 টি দূতাবাস, হাই কমিশন, কনস্যুলেট ও অন্যান্য অফিসে 14,000-এর অধিক লোক কাজ করছে। স্কটল্যান্ডভিত্তিক ব্যবসা প্রতিষ্ঠানের অর্থনৈতিক স্বার্থ প্রমোট করতে ও সুরক্ষা দিতে আমরা আমাদের নেটওয়ার্ক ব্যবহার করি – উদাহরণ স্বরূপ জালকরণ, বৈষম্যমূলক করারোপ এবং বাণিজ্য প্রতিবন্ধকতা থেকে স্কটিশ হুইস্কিকে রক্ষা করা।

100-এর অধিক দেশে পরিচালিত 169 টি অফিসের মাধ্যমে ইউকে ট্রেড অ্যান্ড ইনভেস্টমেন্ট (UK Trade & Investment) (UKTI)-এর সক্রিয় সহযোগিতায় স্কটিশ ব্যবসা প্রতিষ্ঠানগুলো লাভবান হয়।

এবং যুক্তরাজ্যের অংশ হিসেবে, বিশ্বের দ্বিতীয় বৃহত্তম সাহায্যকারী হিসেবে এবং জি7 (G7)-এর প্রথম দেশ হিসেবে 0.7% GNI (Gross National Income) (মোট জাতীয় আয়) প্রতিশ্রুতি অর্জনের মাধ্যমে আমরা আন্তর্জাতিক সহায়তায় একটি বাস্তব পার্থক্য তৈরি করতে আমাদের সম্পদ একত্রিত করি। আমাদের যৌথ প্রচেষ্টা যুক্তরাজ্যকে চরম দারিদ্র দূরীকরণে কাজ করার সুযোগ প্রদান করে; কাজের সুযোগ তৈরির মাধ্যমে মেয়ে ও নারীদের সম্ভাবনাকে অবারিত করার মাধ্যমে সহায়তার প্রয়োজন বন্ধ করে এবং জরুরী মানবিক সহায়তার ক্ষেত্রে জীবন রক্ষার জন্য সহায়তা করে।

## বিশ্বের সর্বোচ্চ দশ সাহায্যদাতা

| | | |
|---|---|---|
| 1 | ইউএসএ | $31.55 বিলিয়ন |
| 2 | ইউকে | $17.88 বিলিয়ন |
| 3 | জার্মানি | $14.06 বিলিয়ন |
| 4 | জাপান | $11.79 বিলিয়ন |
| 5 | ফ্রান্স | $11.38 বিলিয়ন |
| 6 | সুইডেন | $5.83 বিলিয়ন |
| 7 | নরওয়ে | $5.58 বিলিয়ন |
| 8 | নেদারল্যান্ড | $5.44 বিলিয়ন |
| 9 | কানাডা | $4.91 বিলিয়ন |
| 10 | অস্ট্রেলিয়া | $4.85 বিলিয়ন |

ইউরোপে যুক্তরাজ্যের শক্তিশালী অবস্থানের মাধ্যমে আমরা সকলে লাভবান হই, যেখানে স্কটল্যান্ডের জনগণ ও ব্যবসা প্রতিষ্ঠানের জন্য কোনো ধরনের সমস্যার ক্ষেত্রে, যেমন বাজেট প্রণয়ন, মাছ ধরা ও কৃষিতে ভর্তুকি – আমরা আমাদের প্রভাব ব্যবহার করি। ইইউ'র সাথে আলোচিত কোনো ধরনের শর্তাবলীর মাধ্যমে যুক্তরাজ্যের সকলেই উপকৃত হয়, যার মধ্যে রয়েছে ইউরো ও শেনজেন এলাকা (Schengen area) গ্রহণ না করা এবং আমাদের বাজেটে ছাড় প্রদান, যার মূল্য £3 বিলিয়নের উপর।

স্বাধীনতার প্রাক্কালে, স্বাধীন স্কটিশ সরকারকে আন্তর্জাতিক সংস্থায় যোগদানের জন্য আবেদন করার প্রয়োজন হতে পারে, এর মধ্যে ইইউ অন্তর্ভুক্ত যেখানে 28 টি সদস্য রাষ্ট্রের সম্মতির প্রয়োজন হতে পারে। ইইউ (EU)-র সদস্যপদের জন্য স্কটিশ সরকারের শর্তাবলী ও সময়সীমা কামনা করার বিষয়টি নজিরবিহীন, যে কারণে ইইউ কমিশন (EU Commission)-এর প্রেসিডেন্ট, স্পেনের প্রধানমন্ত্রী এবং অন্যরা উদ্বেগ প্রকাশ করেছেন। যুক্তরাজ্যের ইইউ বাজেট থেকে ছাড় পাবার পরিবর্তে একটি স্বাধীন স্কটল্যান্ডকে প্রকৃতপক্ষে চলমান যুক্তরাজ্যকে অর্থপ্রদান করতে হবে।

যুক্তরাজ্যের অংশ হিসাবে আমাদের দেশকে প্রতিরক্ষা দিতে আমরা একসাথে কাজও করি। যুক্তরাজ্যের সকল অংশকে সুরক্ষা দিতে সমন্বিত প্রতিরক্ষা পদ্ধতি অবলম্বন করে। আমাদের নিরাপত্তা ও ইন্টেলিজেন্স এজেন্সি আমাদেরকে
সন্ত্রাসবাদ, গুপ্তচরবৃত্তি ও সাইবার-অপরাধ থেকে সুরক্ষা দেয়।

যুক্তরাজ্যের সশস্ত্র বাহিনী বিশ্বের সেরা যারা যুক্তরাজ্যের মধ্যে আমাদের নিরাপদ রাখে ও বিদেশে দ্বন্দ্ব প্রতিরোধ ও মানবিক অপারেশনগুলোতে অবদান রাখে; এটিকে বিশ্বের মধ্যে অন্যতম বড় টেকসই প্রতিরক্ষা বাজেট দ্বারা বহন করা হয়।

আমাদের প্রতিরক্ষা সংক্রান্ত ব্যয় স্কটল্যান্ডের প্রতিরক্ষা শিল্পকে সহায়তা দিয়ে থাকে, এই ক্ষেত্রে প্রায় 12,600 জন লোক নিয়োজিত আছে। স্বাধীনতার প্রাক্কালে, স্কটল্যান্ড ভিত্তিক কোম্পানিগুলোকে ঘরোয়া হিসেবে ইউকে যে সকল কাজের চুক্তি প্রদান করতে বেছে নিয়েছিল, জাতীয় নিরাপত্তার কারণে, তখন তারা আর সে সকল কাজের চুক্তি পাওয়ার যোগ্য হবে না।

ইউকেতে প্রবেশ করে আমাদের ক্ষতি করতে পারে এমন যে কোন মানুষ এবং পণ্যের প্রবেশ থামাতে 20,000 এরও বেশি জনবল এবং £2 বিলিয়নের অধিক অর্থ খরচ করার মাধ্যমে আমাদের ইউকে সীমান্তকে সুরক্ষিত রাখা হয়েছে। যুক্তরাজ্যের মধ্যে, মানুষ এবং পণ্য অবাধে চলাচল করতে পারে। ইউকের অভ্যন্তরে ভ্রমণ করার জন্য সনাক্তকরণ নথিপত্রের প্রয়োজন হয় না। পণ্যের চলাচলের জন্য না কাস্টমস পরিদর্শনের বা প্রশাসনের সংযুক্ত হতে হয়। স্কটল্যান্ড ও ইংল্যান্ডের মধ্যে প্রতি বছর উভয় দিকে 23 মিলিয়ন যানবাহন পারাপার করে; প্রতিটি দিকে 15 মিলিয়ন টন মাল চলাচল করে; 7 মিলিয়ন রেলযাত্রী স্কটল্যান্ড ও ইউকের অন্যান্য অংশের মধ্যে যাতায়াত করে; এবং স্কটল্যান্ড ও উত্তর আয়ারল্যান্ডের মধ্যে 800,000 বিমানযাত্রী যাতায়াত করে।

স্বাধীনতা অর্জন করলে, স্কটল্যান্ড এবং ইউকের অবশিষ্ট অংশের মধ্যের বর্তমান সীমানা দুটি আলাদা দেশের মধ্যে আন্তর্জাতিক সীমান্ত হয়ে যাবে। একটি পৃথক স্কটিশ রাষ্ট্র এবং অবশিষ্ট ইউকে-কে উভয় দেশের সীমানা দিয়ে কি ভাবে মানুষ এবং পণ্য প্রবাহিত হবে সেটা পরিচালনা করার ব্যাপারে সিদ্ধান্ত নিতে হবে। এটা একটি সময়ের ব্যাপার যে, দুটি ভিন্ন সরকারকর্তৃক তাদের নিজস্ব পরিস্থিতিকে সামাল দেওয়ার জন্য ভিন্ন ভিন্ন নীতি অনুসৃত করার কারণে ট্যাক্স এবং নিয়ন্ত্রিত শাসনব্যবস্থায় পার্থক্য দেখা দিবে। অপরাধীরা চোরাচালানের মাধ্যমে এই পার্থক্যের সুযোগ নিতে পারে। সরকারগুলো ভিন্ন অভিবাসন নীতি নিয়ে এগিয়ে যাবার সম্ভাবনাও রয়েছে। যদিও, একটি স্বাধীন স্কটল্যান্ড খুব বেশি উন্মুক্ত অভিবাসন নীতি নিয়ে এগিয়ে যেতে নাও পারে এবং ইউকে এবং আয়ারল্যান্ডের সঙ্গে কমন ট্রাভেল এরিয়ায় যোগদান করতে চাইতে পারে।

# উপসংহার

স্কটল্যান্ড যুক্তরাজ্যের একটি অবিচ্ছেদ্য অংশ। আমরা সকলেই অবদান রাখি এবং বিভিন্ন জাতির একটি পরিবারের অংশ হিসেবে সুবিধা পাই।

যুক্তরাজ্যের অংশ হিসাবে, স্কটল্যান্ডের নিজের দেশে এবং সারা বিশ্ব জুড়ে প্রভাব রয়েছে। আমাদের শিল্পকারখানা যুক্তরাজ্যের অর্থনীতির শক্তি এবং বৈচিত্র্য দ্বারা আরও ভালো ভাবে সুরক্ষিত এবং সমর্থিত এবং ইউকের আন্তর্জাতিক সংস্থাগুলোতে সদস্যপদের মাধ্যমে আমরা বিশ্ব মঞ্চে আমাদের কণ্ঠস্বর শোনাতে সক্ষম।

আমাদের স্বতন্ত্র জাতীয় সংস্কৃতি; আমাদের গির্জা, আমাদের শিক্ষা এবং আইনি ব্যবস্থা - যুক্তরাজ্য মধ্যে সম্মানিত হয়ে থাকে - এবং সর্বদাই ছিল। এবং হলিরুডে উত্তরাধিকারসূত্রে হস্তান্তরিত আমাদের নিজস্ব সংসদে আমরা মৌলিক বিষয়গুলোর ব্যাপারে সিদ্ধান্ত নিতে পারি, যা আমাদের দৈনন্দিন জীবনের সঙ্গে আমাদের স্বাস্থ্য, স্কুল, বিচার ব্যবস্থা এবং পরিবেশের সম্পর্ককে প্রভাবিত করে।

300 বছরের বেশি সময় ধরে, আমরা ইউকের অন্যান্য অংশে অবস্থিত আমাদের বন্ধু এবং পরিবারের সঙ্গে একসঙ্গে কাজ করেছি। এবং সেপ্টেম্বর মাসে যুক্তরাজ্যের সঙ্গে থাকার জন্য ভোট দিয়ে আমরা পৃথক হয়ে যা অর্জন করতে পারি তার চেয়ে একসঙ্গে থেকে বেশি অর্জন করা অব্যাহত রাখতে পারি।

আপনি যদি আরো তথ্য জানতে চান বা স্কটল্যান্ড বিশ্লেষণ কাগজপত্র দেখতে চান তাহলে অনুগ্রহ করে এখানে যান:
www.gov.uk/scottishreferendum অথবা আপনি অনলাইন বিতর্কে যোগ করতে পারেন এখানে
@YouDecide2014 এবং facebook.com/youdecide2014